# পিসির ঝুটঝামেলা

**ট্রাবলশুটার টিম**

**সমস্যা :** তিন মাস হলো আমি একটি সেকেন্ডহ্যান্ড ল্যাপটপ কিনেছি। ল্যাপটপের মডেল হচ্ছে এসার এস্পায়ার ৫৭৫০জি। ল্যাপটপের কনফিগারেশন হচ্ছে– ইন্টেল কোর আই সেভেন ২ গিগাহার্টজ প্রসেসর, এনভিডিয়া জিফোর্স জিটি ৫৪০এম ডেডিকেটেড গ্রাফিক্স কার্ড, ৪ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম ও ৫০০ গিগাবাইট হার্ডডিস্ক। হার্ডডিস্কে পার্টিশন ছিল একটি এবং অপারেটিং সিস্টেম ছিল উইন্ডোজ সেভেন হোম প্রিমিয়াম। কেনার পর পার্টিশন ভেঙে দুটি ভাগ করলাম এবং উইন্ডোজ আল্টিমেট সেটআপ দিলাম। তারপর পুরো একদিন বিভিন্নভাবে পরীক্ষা করেছি এবং ব্যাটারি ব্যাকআপে দুই ঘণ্টার মতো চালিয়েছি। গ্রাফিক্স কার্ডের ক্ষমতা পরীক্ষা করার জন্য ক্রাইসিস ৩ গেমটি খেলেছিলাম (যদিও ল্যাপটপটি গেম খেলার জন্য কেনা হয়নি)। এখন সমস্যার কথায় আসি– বেশ কিছুদিন ধরে ডিসপ্লে কাঁপে এবং সিস্টেম হ্যাং করে। পাওয়ার বাটন ৪-৫ সেকেন্ড ধরে রেখে শাটডাউন করতে হয়। মেইলের সাথে আমার ল্যাপটপের দুটি স্ক্রিনশট দিলাম। আরও একটি সমস্যা দেখা দিয়েছে, তা হচ্ছে– ডিভাইস ম্যানেজারে গেলে আগে ব্লুটুথ ডিভাইস দেখাত, কিন্তু এখন আর দেখায় না। এ সমস্যাগুলো কেন হচ্ছে? এসব সমস্যার সমাধান কী? আমি কি আগের অপারেটিং সিস্টেম উইন্ডোজ সেভেন হোম প্রিমিয়ামে ফিরে যাব?

**–আশিকুর রহমান**

**সমাধান :** ল্যাপটপের সাথে যে ড্রাইভার ডিস্ক আছে তা সঠিকভাবে ইনস্টল করে নিন। যদি ডিস্ক না থাকে, তবে ইন্টারনেটে সার্চ দিয়ে এসারের ওয়েবসাইট থেকে ড্রাইভারগুলো ডাউনলোড করে নিন। গরম হওয়ার কারণে যদি এ সমস্যা হয়ে থাকে, তবে ল্যাপটপ কুলার ব্যবহার করে দেখতে পারেন। অপারেটিং সিস্টেম হিসেবে উইন্ডোজ সেভেন হোম প্রিমিয়াম ৬৪ বিট বা উইন্ডোজ এইট/এইট পয়েন্ট ওয়ান ৬৪ বিট ব্যবহার করুন।

**সমস্যা :** আমি সিটিসেল জুম আল্ট্রা মডেম (ZTE AC 682) ব্যবহার করি। আমার আগের পিসিতে এই মডেম ব্যবহারে কোনো সমস্যা ছিল না। আমি পিসি আপগ্রেড করেছি এবং এক্সপির বদলে উইন্ডোজ সেভেন আল্টিমেট ইনস্টল দিয়ে ব্যবহার করছি। আমার সমস্যাটা হলো জুম আল্ট্রা ভয়েস কলের সাউন্ড নিয়ে। ইতোপূর্বে সর্বশেষ ব্যালান্স জানতে যখনই *৮১১ নম্বরে কল করেছি, ভয়েস কলে আমার সর্বশেষ স্থিতি জানানো হয়েছে, কিন্তু আমার এই নতুন পিসিতে ভয়েস কল আসছে না। নিচে calling, talking ইত্যাদি ডায়ালগ দেখা গেলেও কোনো শব্দ শোনা যাচ্ছে না। অথচ অন্যান্য ফাংশন কাজ করছে। অন্য কমপিউটারে লাগালে এই সমস্যা হচ্ছে না। এটা কী মাদারবোর্ডের কারণে নাকি অন্য কোনো কারণে হচ্ছে? আমার পিসির কনফিগারেশন হলো– আসুস পি৮জেড৭৭-ভি মাদারবোর্ড, ইন্টেল কোরআই৫ ৩৫৭০কে ৩.৪ গিগাহার্টজ প্রসেসর, কোরসেয়ার ভেনজানস প্রো ১৬ গিগাবাইট ১৬০০ বাস ডিডিআর৩ র‌্যাম, ওয়েস্টার্ন ডিজিটাল ক্যাভিয়ার বাক ১ টেরাবাইট হার্ডডিস্ক ড্রাইভ। আশা করি আমার এই সমস্যার সমাধান দিয়ে আগের মতো সহযোগিতা করবেন।

**–মহম্মদ আবদুর রহমান**, চুয়াডাঙ্গা

**সমাধান :** মডেমের ড্রাইভার ঠিকমতো সাপোর্ট করছে বলে মনে হচ্ছে না। ড্রাইভার আনইনস্টল করে আবার ইনস্টল করে নিন। ড্রাইভারের উইন্ডোজ সেভেন ভার্সন আছে কি না তা চেক করুন। উইন্ডোজ যদি ৬৪ বিট হয়ে থাকে এবং ড্রাইভার ৬৪ বিট অপারেটিং সিস্টেম সাপোর্ট না করে, তার ফলেও সমস্যা দেখা দিতে পারে। সিটিসেলের ওয়েবসাইটে গিয়ে চেক করে দেখুন মডেম ড্রাইভারের কোনো আপডেট আছে কি না।

**সমস্যা :** আমার সমস্যাটা পিসিতে নয়, তবুও একটু কষ্ট করে যদি সমস্যার সমাধান দেন, তবে অনেক উপকার হতো। সেটা হচ্ছে Variable or trimmer capacitor 6-40pF। এরকম রেঞ্জের কোথায় পাওয়া যাবে আর TX-2B, RX-2B. TX7, RX7 এ ধরনের IC এবং খেলনা Electro Copter-এর মোটর কোথায় পাওয়া যাবে। এগুলো যদি একটু লিখে পাঠাতেন, তবে অনেক উপকার হতো। কারণ এসব খবর সবাই জানে না, আর সব ইলেকট্রনিক মার্কেটে এগুলো থাকে না।

**–আবু সাইদ**, ময়মনসিংহ

**সমাধান :** ঠিকই বলেছেন, এসব পার্টস সব মার্কেটে পাওয়া যায় না। স্টেডিয়ামের ইলেকট্রনিক মার্কেটে এসব পার্টস পাওয়ার সম্ভাবনা আছে। একটু ভালোভালে খোঁজ করলেই পেয়ে যাবেন।

**সমস্যা :** আমার পিসির র‌্যাম ২ জিবি, কিন্তু ব্যবহারযোগ্য র‌্যাম দেখায় ১.৭৫ জিবি। সমস্যা সমাধানের জন্য উইন্ডোজ সেভেন ৬৪ বিট অপারেটিং সিস্টেম ইনস্টল করেছি, কিন্তু এখনও অবস্থা একই আছে। কীভাবে আমি সম্পূর্ণ র‌্যাম ব্যবহার করতে পারব তা জানালে উপকৃত হব।

**–রাকিব**

**সমাধান :** আপনার পিসির কনফিগারেশনের কথা উল্লেখ করেননি। তাই ঠিকমতো সমস্যাটি ধরতে পারছি না। আপনার মাদারবোর্ডের বিল্টইন গ্রাফিক্স কার্ড হয়তো র‌্যাম শেয়ার করছে, যার কারণে র‌্যামের পরিমাণ কম দেখাচ্ছে। এটা নিয়ে চিন্তিত হওয়ার কিছু নেই।

**সমস্যা :** আমি আমার পিসিতে উইন্ডোজ সেভেন চালাই। আমার পিসির র‌্যাম ৮ জিবি হলেও ৩.৪৬ জিবি ইউসেবল দেখায়। আমার পিসি গত মাসে কিনেছি। এখন কীভাবে আমি আমার র‌্যামের সর্বোচ্চ ব্যবহার করতে পারি? ইউটিউব দেখে আমি msconfig-এ গিয়ে boot-এর advanced option-এ গিয়ে কোনো ফল পাইনি। দয়া করে সাহায্য করলে বড় উপকৃত হব।

**–উৎসব ঘোষ**

**সমাধান :** ৩২ বিটের অপারেটিং সিস্টেমে ৩ জিবির বেশি র‌্যাম সাপোর্ট করে না, তাই র‌্যাম ৩ গিগাবাইটের বেশি হলে ৬৪ বিট অপারেটিং সিস্টেম ব্যবহার করতে হয় র‌্যামের পুরো পারফরম্যান্স পাওয়ার জন্য। আপনি উইন্ডোজ সেভেন ৬৪ বিট অপারেটিং সিস্টেম ব্যবহার করলেই এ সমস্যা আর থাকবে না। নতুন অপারেটিং সিস্টেম হিসেবে উইন্ডোজ এইট ৬৪ বিট ইনস্টল করতে পারেন। উইন্ডোজ সেভেন থেকে উইন্ডোজ এইটের পারফরম্যান্স বেশ ভালো কজ

***ফিডব্যাক :*** *jhutjhamela24@gmail.com*

**ঘোষণা**

পিসি, ল্যাপটপ ও সফটওয়্যার সম্পর্কিত যেকোনো ধরনের সমস্যায় পড়লে আপনি কমপিউটার জগৎ-এর পিসির ঝুটঝামেলা বিভাগে লিখে পাঠান, কমপিউটার জগৎ-এর ট্রাবলশুটার টিম আপনার সমস্যার সমাধান দেবে। সমস্যা পাঠানোর ঠিকানা : *jhutjhamela24@gmail.com*